## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের ৬৪তম সভার কার্যবিবরণী:

*০১ ফেব্রুয়ারি ২০২৫, শনিবার, সকাল ১১টা, উপাচার্য মহোদয়ের দপ্তর।*

**আলোচ্যসূচি-১২: শিক্ষাছুটির প্রস্তাবিত নীতিমালাটি রিভিউ করার লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন উপস্থাপন প্রসঙ্গ।**

**কার্যপত্র:** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির ২২তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষাছুটির প্রস্তাবিত নীতিমালাটি রিভিউ করার লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো, **(সংযুক্তি-১১)**।

**সিদ্ধান্ত:** গঠিত রিভিউ কমিটির সুপারিশসমূহ অনুমোদন করা হলো। তবে বিশেষ কোন পরিস্থিতির উদ্ভব হলে উপাচার্য মহোদয় যে কোন সিদ্ধান্ত নিতে পারবেন এবং শিক্ষাছুটির ক্ষেত্রে বিভাগের মোট শিক্ষকের এক তৃতীয়াংশ শিক্ষা ছুটিতে যাওয়ার সংশ্লিষ্ট বিধান অনুসরণ করা বাঞ্ছনীয়।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

CamScanner

<u>শিক্ষাছুটি নীতিমালা রিভিউ</u>

- বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের এবং ১ম শ্রেণির কর্মকর্তাদের মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি অর্জনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর সবেতনে শিক্ষাছুটি প্রাপ্ত হবেন। অতিরিক্ত শিক্ষাছুটির প্রয়োজন হলে প্রয়োজনীয়তা পর্যালোচনা সাপেক্ষে নির্ধারিত সবেতনে ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত আরো ০১ (এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি প্রদান করা যেতে পারে। উল্লেখ্য যে, কোন শিক্ষক/কর্মকর্তা নিয়মিত মাস্টার্স/এম.ফিল ডিগ্রি অর্জন করতে চাইলে তা অবশ্যই স্বপদের চাকুরী সম্পর্কিত হতে হবে। এক্ষেত্রে শুধু এম.ফিল/মাস্টার্স ডিগ্রির জন্য সর্বোচ্চ ০২ (দুই) বছর শিক্ষাছুটি প্রাপ্ত হবেন। শুধুমাত্র পিএইচডি ডিগ্রি অর্জনের লক্ষ্যে শিক্ষাছুটি ০৪ (চার) বছর পাওয়া যাবে। তবে গবেষণা কার্যক্রম অব্যাহত থাকলে ডিগ্রি সম্পন্ন করার স্বার্থে কেবল নিয়মিত ছাত্র হিসেবে এই ছুটির মেয়াদ আরো সর্বোচ্চ ১২ (বারো) মাস বিনা বেতনে বর্ধিত করা যেতে পারে। আরো উল্লেখ্য যে, পিএইচডি অ্যাওয়ার্ডের দিন থেকে পরবর্তী তিন মাসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে হবে।
- কোনো শিক্ষক পিএইচডি ডিগ্রি অর্জনের পর ডিগ্রির সনদ নোবিপ্রবি কর্তৃপক্ষের নিকট জমাদান সাপেক্ষে ও বিশ্ববিদ্যালয়ে যোগদানকরত প্রান্তিক বিশ্ববিদ্যালয় বিবেচনায় কমপক্ষে ০২ (দুই) বছর অথবা পিএইচডি শিক্ষাছুটিকালীন সময়ের অর্ধেক (এরমধ্যে যেটি বেশি হয়) শিক্ষকতা/পাঠদান প্রদান সম্পন্ন করার পর পোস্টডক্টরাল এর জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদনকারী শিক্ষক ০২ (দুই) বছরের জন্য সবেতনে শিক্ষাছুটি প্রাপ্ত হবেন। তবে পোস্টডক্টরাল পরবর্তী সময়ে তাঁর বন্ড/চুক্তিতে (পিএইচডি ও পোস্ট ডক্টরাল) যে সময় পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে সার্ভিস দেওয়ার কথা তা পূর্ণ করতে হবে। অন্যথায় সরকারি বিধি মোতাবেক আর্থিক দেনাপাওনা পরিশোধ করতে হবে।
- যদি কোন শিক্ষক পিএইচডি সম্পন্ন করে সনদ জমা দেন কিন্তু দেশে না এসে পোস্টডক্টরাল এর অনুমতি চান, সেক্ষেত্রে উক্ত শিক্ষককে সর্বোচ্চ ০১ (এক) বছরের পোস্টডক্টরাল ছুটি প্রদান করা যেতে পারে। উল্লেখ্য, উক্ত ০১ (এক) বছরের জন্য তাঁর বেতন-ভাতা স্থগিত থাকবে। তবে পোস্টডক্টরাল সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়ে যোগদান করার পর পোস্ট ডক্টরালকালীন (০১) এক বছরের বেতন-ভাতা বিশ্ববিদ্যালয় থেকে মাসিক কিস্তিতে পরিশোধ করা হবে। এছাড়া পিএইচডি ও পোস্ট ডক্টরেট ডিগ্রির শিক্ষাছুটির বন্ড/চুক্তি মোতাবেক বিশ্ববিদ্যালয়ে সার্ভিস দিতে হবে।
- যদি কোন শিক্ষক ০৪ (চার) বছরের কম সময়ে পিএইচডি ডিগ্রি সম্পন্ন করেন, এক্ষেত্রে ০৪ (চার) বছরের শিক্ষাছুটির (সবেতন) অবশিষ্ট সময়কালের বিপরীতে কোন সুবিধা গ্রহণের সুযোগ থাকবে না।
- শিক্ষকদের চাকুরী স্থায়ীকরণের নিমিত্তে অবেক্ষাকালীন সময় সাধারণত ০২ (দুই) বছর। উক্ত ০২ (দুই) বছর অতিবাহিত না হলে কোন শিক্ষক শিক্ষাছুটি প্রাপ্ত হবেন না। তবে যদি কোন শিক্ষক উচ্চ শিক্ষার জন্য স্কলারশিপ প্রাপ্ত হন তাহলে তাঁকে ০১ (এক) বছর অবেক্ষাকাল অতিবাহিত হওয়ার পর ছুটি দেওয়া যেতে পারে। কোনো শিক্ষক অবেক্ষাকাল পূর্ণ হওয়ার আগে শিক্ষা ছুটিতে গেলে, তিনি অবশিষ্ট অবেক্ষাকাল সমপরিমাণ সময় অতিবাহিত না হওয়া পর্যন্ত বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন না তবে তাঁর চাকুরীর ধারাবাহিকতা ও জ্যেষ্ঠতা বজায় থাকবে। শিক্ষা ছুটিতে থাকাকালীন অবশিষ্ট অবেক্ষাকালের সমপরিমাণ সময় পূর্ণ হওয়ার পর থেকে তিনি শিক্ষাছুটি সুবিধার বেতন-ভাতা প্রাপ্ত হবেন। উল্লেখ্য, শিক্ষা ছুটি শেষে বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর শিক্ষাছুটিতে যাওয়ার সময়কালীন অবশিষ্ট অবেক্ষাকাল সমপরিমাণ সময় সার্ভিস প্রদান সাপেক্ষে অর্থাৎ অবেক্ষাকাল পূর্ণ করার পর তিনি পরবর্তী পদোন্নয়ন/আপগ্রেডেশনের জন্য আবেদন করতে পারবেন অথবা পরবর্তী পদের অবেক্ষাকালীন সময়ের সাথে সমন্বয় করা হবে। উল্লেখ্য, পিএইচডি ডিগ্রিধারী শিক্ষকের ক্ষেত্রে অবেক্ষাকালীন সময় হবে ০১ (এক) বছর।

CamScanner

- শিক্ষা ছুটিতে থাকাকালীন সময়ে পদোন্নয়ন প্রাপ্তির ক্ষেত্রে আপগ্রেডেশন বোর্ডে সশরীরে উপস্থিত/বিদেশে অবস্থান করলে অনলাইনে যুক্ত থাকতে হবে। সশরীরে উপস্থিত প্রার্থীরা পদোন্নয়ন প্রাপ্ত হয়ে যোগদান করলে তাঁকে বন্ড পিরিয়ড সমাপ্ত হওয়ার পর পরবর্তী ছুটির জন্য আবেদন করতে পারবেন। স্বশরীরে/অনলাইনে যুক্ত প্রার্থীর ক্ষেত্রে ডিগ্রি সম্পন্ন করে যোগদান করলে, যোগদানের তারিখ থেকে বেতন-ভাতাদি প্রাপ্ত হবেন। এক্ষেত্রে চাকুরীর ধারাবাহিকতা ও জ্যেষ্ঠতা বজায় থাকবে। তবে এক্ষেত্রে যোগদানপত্রে উল্লেখিত ১ মাসের মধ্যে যোগদান করার শর্তটি শিথিলযোগ্য।
- দেশের অভ্যন্তরীণ কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ছুটিতে থাকাকালীন ডিগ্রির কার্যক্রম সক্রিয় রেখে কোন শিক্ষক/কর্মকর্তা নিজ কর্মস্থলে যোগদান করতে চাইলে অবশ্যই ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত ন্যূনতম ছুটি (কমপক্ষে ০১ বছর) অতিবাহিত হওয়ার পর উক্ত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি সুপারভাইজর, ভর্তিকৃত ইনস্টিটিউট/ বিভাগ/ সেন্টার এর নীতি নির্ধারণী পর্ষদ/ একাডেমিক কমিটির অনুমোদনক্রমে এর পরিচালক/চেয়ারম্যান/অফিস প্রধানের সুপারিশক্রমে কর্মস্থলে যোগদানের আবেদন করতে পারবেন। তবে কর্মস্থলে যোগদানের পর নির্ধারিত সময়ে ডিগ্রি অর্জনে ব্যর্থ হলে ছুটিকালীন সময়ে প্রাপ্ত বেতন-ভাতাদি ফেরত প্রদান করতে হবে।
- উক্ত নীতিমালার কোনো বিষয়ে বিরোধ/মতানৈক্য দেখা দিলে সংশ্লিষ্ট বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

27.01.25
প্রফেসর ড. মুহাম্মদ শফিকুল ইসলাম
ফার্মেসী বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

27.01.25
অধ্যাপক ড. আসাদুন নবী
ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান
ডিন, বিজ্ঞান অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

27.01.25
অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক
ডিন, জীব বিজ্ঞান অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

27.01.25
ড. মোঃ জিয়াউল হক
ডিন, ব্যবসায় শিক্ষা অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

29.01.2025
অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন
ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ

27.01.2025
অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার
ডিন, শিক্ষা বিজ্ঞান অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

27/01/25
প্রফেসর ড. মুহাম্মদ ইসমাইল
ডিন, আইন অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

29.01.25
প্রফেসর ড. মোঃ বেল্লাল হোসাইন
ইইই বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

27/01/25
প্রফেসর ড. মুহাম্মদ ইসমাইল
উপাচার্য
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

CamScanner